



উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়,

ঢাকা উত্তর অঞ্চল।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২নং ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আলমগীর হোসেন, পিতা- ওয়াহেদ আলী, মাতা- তারিপজান, ঠিকানা: গ্রাম- মজলিশপুর (নদীর পাড়), ডাকঘর- কড্ডাবাজার, থানা/উপজেলা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর, তার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স আলম ইন্ট্রেনিস্ক নামে উত্তরা ব্যাংক লিমিটেড, কোনাবাড়ি শাখা, গাজীপুর সদর, গাজীপুর হতে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকার ক্যাশ ক্রেডিট (হাইপো) ঋণ গ্রহণ করেন। ঋণের জামানত হিসেবে (১) মো: লাবু মিয়া, পিতা- মৃত জয়দর আলী, ঠিকানা: গ্রাম- বাঘিয়া (ডিস পুকুরের পশ্চিম পাশে দোকান সংলগ্ন), ডাকঘর- নীলনগর, থানা/উপজেলা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর এবং (২) মমতাজ উদ্দিন, পিতা- হায়াত আলী, ঠিকানা: গ্রাম- চান্দপাড়া, ডাকঘর- জাতীয় বিশ্ববিদ্যালয়, থানা/উপজেলা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর নামীয় নিম্নলিখিত তফসিলভুক্ত সম্পত্তি বন্ধক রাখেন। বারবার তলব ভাগাদা দিয়েও ব্যাংক ঋণ গ্রহীতা/বন্ধকদাতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করতে পারে না। বিগত ০১/০২/২০১৮ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের ৩৪,৮৫,৭১২.২৭ টাকা (চৌত্রিশ লক্ষ পঁচিশ হাজার সাতশত বার টাকা এবং সাতাশ পয়সা মাত্র) পাওনা হয়েছে। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধানমতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ২০/০৩/২০১৮ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের কোনাবাড়ি শাখা, কোনাবাড়ি, গাজীপুর সদর, গাজীপুর এ রক্ষিত টেন্ডার বাস্তব দরপত্র জমা করতে হবে অথবা খামের উপর "সম্পত্তি ক্রয় দরপত্র" লিখে রেজিস্ট্রি ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকি টাকা পরিশোধ করতে হইবে:-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকি টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লিখিত মূল্য অপর্থাৎ বা কম প্রতীয়মান হইলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবি থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। তা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য গুরু যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসিল

(১) ০৪.০০ শতাংশ বসতবাড়ির জায়গাসহ ১১০০ বর্গফুট বিশিষ্ট ০১ (এক) তলা বাড়ি যাহার দাগ নম্বর: সি এস ও এস এ- ৩১৫ ও ৩১৬, খতিয়ান নম্বর: এস এ- ২৩৩ ও ১৩৫, মিউটেশন-২৬০৯, জোত নং- ৭১৯০, জে এল নম্বর- ৫৩৭, মৌজা-বাঘিয়া, থানা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর, মালিক- মো: লাবু মিয়া।

(২) ১১.১২ শতাংশ কৃষি জমি দাগ নম্বর: সি এস ও এস এ- ৪৭১, আর এস-৫৮৬, খতিয়ান নম্বর: সি এস- ৫৮, এস এ- ৭৩, আর এস- ১৯৭, মিউটেশন-২৬০৬, জোত নং- ১৫৯৯, জে এল নম্বর: সাবেক ও এস এ- ৮৯, আর এস- ৫০, মৌজা- চান্দপাড়া, থানা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর, মালিক- মমতাজ উদ্দিন।

মহাব্যবস্থাপক ও চেয়ারম্যান
টেন্ডার কমিটি

Size : 7 inch x 2 col.